

প্যারামিটার	ঢাতু	
	প্রতিকুল	অনুকুল
একটি মথের ডিম সংখ্যা	৪৭৩	৫২৫
পিউপাকরণ হার (%)	৮০.৫	৯০.৫
ফলন/১০০০ শুককীট (ওজন)	১২.১০০	১৩.৬০০
গুটি ওজন (গ্রা)	১.৩১৬	১.৪৫৩
শেল শতাংশ (%)	১৯.৩	২০.৭
ফিলামেন্ট দৈর্ঘ্য (মি)	৮৮৪	৯১০
চেক থেকে বেশি গুটি উৎপাদনের (%)	২০০.২%	৮৬.৭%

গবেষণাগারে ভালো ফলাফলের উপর ভিত্তি করে, এই জাপানী ফাউন্ডেশন ক্রস (SK6 × SK7) প্রতিষ্ঠানের অধীনস্থ সব RSRS এবং REC গুলিতে ট্রায়ালের জন্য পাঠানো হয়েছিল। দীর্ঘদিন ট্রায়ালের পর এই জাপানী সংকর প্রজাতি (SK6 × SK7) পশ্চিমবঙ্গ এবং ঝাড়খণ্ডের ক্ষয়কদের দেওয়া হয় যেখানে ওরা খুব ভালো ফল পায়। পশ্চিমবঙ্গে বীজ গুটি উৎপাদনের ফসল প্রতিকুল জলবায়ু অবস্থায় পড়ে তার জন্য অনেক সময় যথেষ্ট পরিমাণ এবং উন্নত মানের P1 জাপানি বীজকোয়া উৎপন্ন করা সম্ভব হয় না, যার ফলে বীজ উৎপাদনকারীরা দূরবর্তী স্থান বিশেষত দক্ষিণ ভারত থেকে জাপানি বীজকোয়া ক্রয় করতে বাধ্য হয়। তাদের সেখানে নিকৃষ্ট মানের বীজকোয়া কিনতে হয় এবং দূরবর্তী স্থান থেকে আনয়নের জন্য ব্যয় ভার অনেক বেড়ে যায়। শুধু তাই নয় দীর্ঘ সময় বহনের খন্দে জন্য অনেক বীজকোয়া পচে নষ্ট হয়ে যায়। অতএব, একটি বিকল্প জাপানী সংকর প্রজাতি ফাউন্ডেশন ক্রস এর চেষ্টা করা হয় যা বীজ গুটি উৎপাদনের জন্য সব ঝাতুতেই প্রতিপালন করা যায়। এই দিক দিয়ে, জাপানী ফাউন্ডেশন ক্রস (SK6 × SK7) ভাল প্রাপ্তি। বর্তমানে পশ্চিমবঙ্গে মাল্টি × বাইভোল্টাইন উৎপাদনের জন্য যতটা জাপানী গুটি দরকার তা জাপানি ফাউন্ডেশন ক্রস (SK6 × SK7) পালন করে পুরন করাহয়।

প্রকাশক :

ডঃ কণিকা ত্রিবেদী

অধিকর্তা

কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান

কেন্দ্রীয় রেশম বোর্ড : ভারত সরকার

বহরমপুর-৭৪২১০১, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ

দ্রাবাধঃ (03482) 251046 / 253962 / 63 / 64 ফ্যাক্সঃ +91 3482 251233

ইমেলঃ csrtiber.csb@nic.in / csrtiber@gmail.com

Publication committee : Dr. S. Roy Chowdhuri, Dr. S. Chattopadhyay, Mr. D. Das and Mr. T. K. Maitra

Printed by : U_nimage@yahoo.com

আশাপ্রদ নতুন সংকর প্রজাতি জাপানী পলু SK6 × SK7

চারী দ্বারা প্রাপ্ত আশাপ্রয়োজক ফলাফলের উপর ভিত্তি করে, এই জাপানী ফাউন্ডেশন ক্রস সংকর প্রজাতি ছিসেবে এবং মাল্টি-বাই হাইভ্রিড উৎপাদনের জন্য দেশের সব বেশম উৎপাদনকারী রাজ্যগুলিতে সফল ভাবে ব্যবহার করা হচ্ছে।



এ কে ভার্মা, এন সুরেশ কুমার ও এ কে সাহা



কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড, বন্ত্র মন্ত্রালয়, ভারত সরকার

বহরমপুর-৭৪২১০১, পশ্চিমবঙ্গ

নতুন জাপানী সংকর প্রজাতির পলু SK6 × SK7

ডিসেম্বর ও জানুয়ারি মাসের নিম্ন আর্দ্ধতা এবং নিম্ন তাপমাত্রা গুরুতর ভাবে P1 পলু পালনকে প্রভাবিত করে। এছাড়া নিম্ন তাপমাত্রা এলাকায় তুঁত পাতার উৎপাদন কম হওয়ার ফলে পলুর বৃদ্ধি ব্যাহত হয় এবং জাপানী P1 পলুর ফলন কম হয়। যদিও ফেরুয়ারি-মার্চ জাপানী P1 পলু পালনের জন্য উপযুক্ত সময়, কিন্তু পরবর্তী এপ্রিল মাসে মাল্টি X বাইটেল্টাইন বাণিজ্যিক পলুপালনের পরিণত অবস্থায় উচ্চ তাপমাত্রার ফলে ফসল সুনিশ্চিত নয়। অতএব, রেশম পলুর ডিম উৎপাদকেরা জাপানী P1 গুটির জন্য দেশের অন্য অংশের উপর নির্ভর করে থাকেন। পশ্চিমবঙ্গে প্রতিকূল মৌসুমে উচ্চ তাপমাত্রা এবং উচ্চ আর্দ্ধতার কারণে জাপানী P1 পলু পালন কঠিন হয়। সেই জন্য, এই প্রতিষ্ঠান একটি জাপানী ফাউন্ডেশন ক্রস (SK6 × SK7) চিহ্নিত করেছে, যা Nistari-র সঙ্গে একটি পুরুষ উপাদান হিসাবে ব্যবহার করা হয়। প্রাথমিক পর্যায়ে বিভিন্ন সেরিকালচার এলাকা পর্যবেক্ষণ করে জানা গেছে প্রতিকূল মৌসুমে এই ফাউন্ডেশন ক্রস এর কর্মক্ষমতা একক পিতার চেয়ে ভাল হয়। পূর্ব ভারতে বীজ উৎপাদক ফসল এবং বাণিজ্যিক ফসল হিসেবে SK6xSK7 হাইব্রিড এবং Nx(SK6xSK7) ও M6DP(C)x(SK6xSK7) সফলভাবে উৎপাদন করা সম্ভব হয়েছে। এছাড়াও এই অঞ্চলের রেশম চাষ উন্নয়নে প্রমুখ সমস্যা এবং জাপানী বীজ ফসল স্থিতিশীলতার জন্য, এই ফাউন্ডেশন ক্রস (SK6xSK7) প্রবর্তনের দ্বারা সমাধান করা যেতে পারে। কেন্দ্রীয় রেশম বোর্ড-এর সংকর প্রজাতি রেশমপলু অনুমোদন কমিটি দ্বারা পূর্ব ভারতে মাল্টি-বাই সংকর প্রজাতির জন্য, Nx(SK6xSK7) অনুমোদিত হয়েছে। এছাড়াও আরো কিছু জাপানী P1 ফাউন্ডেশন ক্রস এর অনুমোদনের জন্য পরীক্ষা চলছে যেগুলি প্রতিকূল ঝাতুতেও ভাল কর্মক্ষমতা প্রদান করে। আগে জাপানী সংকর প্রজাতি (NB18xP5) পালন করে 100 ডিমে 40-45 কেজি গুটি পাওয়া যেত কিন্তু এই নতুন জাপানী সংকর প্রজাতি (SK6xSK7) ব্যবহার করে 100 ডিমে 50-55 কেজি গুটি পাওয়া সম্ভব হয়েছে।

SK6, SK7 এবং SK6x SK7 চারিত্রিক বৈশিষ্ট্য নিজে দেওয়া হল -

SK6



SK6 এর শুককীট এবং গুটি

প্যারামিটার	ঝাতু	
	প্রতিকূল	অনুকূল
একটি মথের ডিম সংখ্যা	৪২৫	৪৯৪
পিউপাকরণ হার (%)	৬০.০	৮২.১
ফলন/১০০০ শুককীট (গজন)	৭.৩১২	১০.৮৫২
গুটি গজন (গ্রা)	১.২০৭	১.২৭৩
শেল শতাংশ (%)	১৮.২	১৮.৬
ফিলামেন্ট দৈর্ঘ্য (মি)	৮৮৪	৯১০
চেক থেকে বেশি গুটি উৎপাদনের (%)	৮১.৮%	৫.৬৬%

SK7



SK7 এর শুককীট এবং গুটি

প্যারামিটার	ঝাতু	
	প্রতিকূল	অনুকূল
একটি মথের ডিম সংখ্যা	৪৩৮	৪৮৯
পিউপাকরণ হার (%)	৬৫.০	৮৪.১
ফলন/১০০০ শুককীট (গজন)	৭.৮১০	১০.৯২১
গুটি গজন (গ্রা)	১.২১২	১.২৪৩
শেল শতাংশ (%)	১৮.০	১৮.৮
ফিলামেন্ট দৈর্ঘ্য (মি)	৭৮.২	৮২.৩
চেক থেকে বেশি গুটি উৎপাদনের (%)	৯৩.৮%	৭.০২%

SK6 x SK7



SK6 x SK7 এর শুককীট এবং গুটি